বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

২০১৮ - ২০১৯ শিক্ষাবর্ষে স্নাতক শ্রেণীতে ছাত্র/ছাত্রী ভর্তি কমিটিসমূহের সভাপতির কার্যালয়

স্থাপত্য ও পরিকল্পনা অনুষদ

নং-ডীন, স্থাপত্য অনুষদ/ভর্তি-২০১৮-১৯/০২ তারিখ: ১৮/১০/২০১৮

বিজ্ঞপ্তি

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ২০১৮-১৯ শিক্ষাবর্ষে স্নাতক শ্রেণিতে ভর্তি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রাথমিকভাবে নির্বাচিত এবং অপেক্ষমান প্রার্থীদের তালিকা বুয়েটের ওয়েবসাইট এবং নোটিশ বোর্ডে প্রকাশ করা হয়েছে। উক্ত প্রার্থীগনকে বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য নিম্নলিখিত Step সমূহ অনুসরণ করতে হবে:

Step 1: অনলাইনে বিভাগ নির্বাচন (পছন্দক্রম) 'Option Form' পূরণ

১০ নভেম্বর ২০১৮ সকাল ১০:০০ টা থেকে ১৮ নভেম্বর ২০১৮ বিকাল ৪:৩০ মিনিট পর্যন্ত এই বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট **(www.buet.ac.bd)-** এর মাধ্যমে বিভাগ নির্বাচন (পছন্দক্রম) 'Option Form' যথাযথভাবে পূরণ করতে হবে। Option Form পূরণের জন্য প্রাথমিকভাবে নির্বাচিত/অপেক্ষমান তালিকাভুক্ত প্রার্থীর Application Serial No., Admission Test Roll No. এবং Date of Birth ঘরগুলো পূরণ করে "Continue" button ক্লিক করতে হবে। সঠিকভাবে উপরোক্ত তথ্যাবলি পূরণ করা হলে প্রার্থী কর্তৃক আবেদনের সময় প্রদত্ত মোবাইল নাম্বারটি screen –এ দেখানো হবে। উক্ত মোবাইল নম্বরটি সঠিক হলে "Get Security Code" button ক্লিক করতে হবে। প্রার্থীর প্রদত্ত মোবাইল নম্বরে ৬ অংকের একটি Security Code প্রেরণ করা হবে যা "Enter Security Code" বক্সের ভিতর টাইপ করতে হবে। উল্লেখ্য, এই Security Code টি প্রার্থীর মোবাইলে প্রেরণ করতে কিছু সময়ের প্রয়োজন হবে। আরো উল্লেখ্য যে, এই Security Code এর গোপণীয়তা সংরক্ষণ করতে হবে। এই Code নম্বরের মাধ্যমে অন্য কেউ Option পরিবর্তন করলে তার জন্য বুয়েট কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

Security Code টি টাইপ করে "Login" button ক্লিক করলে screen –এ মূল Option Form টি দেখা যাবে। এই Option Form এ প্রার্থীকে তার পছন্দের ক্রম অনুসারে সবগুলো বিভাগের Choice প্রদান করতে হবে। সবগুলো ঘরে সঠিকভাবে Choice প্রদান করে "Preview" button ক্লিক করলে পূরণকৃত Option Form টি দেখা যাবে। এ অবস্থায় কোন Choice সংশোধন করার প্রয়োজন হলে "Change Option" button ক্লিক করে তা সংশোধন করা যাবে। পূরণকৃত Option Form -টিতে সবগুলো Choice সঠিক থাকলে "Submit" button ক্লিক করে Form টি submit করতে হবে। উল্লেখ্য, সর্বশেষ সময়সীমা পর্যন্ত (১৮ নভেম্বর ২০১৮ বিকাল ৪:৩০ মিনিট) প্রয়োজনে Option Form –টি একাধিকবার সংশোধন করে submit করা যাবে। প্রার্থী এবং তার পিতা/অভিভাবককে Option Form-এর নির্দিষ্ট স্থানে প্রার্থীর এই বিশ্ববিদ্যালয়ে ভর্তি এবং প্রদত্ত Option- এর ব্যাপারে সম্মতিসূচক স্বাক্ষর হিসেবে নাম টাইপ করতে হবে। প্রার্থীর প্রদত্ত স্বাক্ষর হিসেবে তার নাম টাইপ করতে হবে। চূড়ান্তভাবে submit কৃত Option Form টি download করে A-4 সাইজের offset কাগজে প্রিন্ট করে অভিভাবকের স্বাক্ষর ও নিজের স্বাক্ষর দিয়ে Step 2 এ বর্ণিত দলিলাদির সাথে উপস্থিতি নিশ্চিত করণের সময়ে পুরকৌশল ভবনের ২য় তলায় সেমিনার রুমে জমা দিতে হবে।

- ১৮ নভেম্বর ২০১৮, বিকাল ৪:৩০ মিনিটের পর অনলাইনে বিভাগ নির্বাচন (পছন্দক্রম) অপশন পূরণ শুরু করা যাবে না এবং বিকাল ৫.৩০ মিনিটে অনলাইনে অপশন পূরণের সার্ভার বন্ধ হয়ে যাবে; এরপর অনলাইনে কোন অপশন submit করা যাবে না।
- প্রার্থীদের বিভাগ নির্বাচন তালিকা প্রকাশ : ২৫ নভেম্বর, ২০১৮, রবিবার।

Step 2: দলিলাদির সত্যতা যাচাই/উপস্থিতি নিশ্চিতকরণ এবং স্বাস্থ্য পরীক্ষা

(ক) ভর্তির জন্য প্রাথমিকভাবে নির্বাচিত তালিকাভুক্ত প্রার্থীদের নোটিশে উল্লেখিত প্রথম উপস্থিতির তারিখ ও সময়ে পুরকৌশল ভবনের ২য় তলায় সেমিনার রুমে সনদ ও ট্রান্সক্রিপ্ট/গ্রেডশীট -এর সত্যতা যাচাইয়ের জন্য উপস্থিত হতে হবে। এই দিন নিম্নলিখিত দলিলাদি জমা দিতে হবে ঃ

(১) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/দাখিল অথবা সমমানের পরীক্ষার মূল সনদ।
(২) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/দাখিল অথবা সমমানের পরীক্ষার মূল ট্রান্সক্রিপ্ট/গ্রেডশীট।
(৩) উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট/আলিম অথবা সমমানের পরীক্ষার মূল ট্রান্সক্রিপ্ট/গ্রেডশীট।
(৪) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/দাখিল অথবা সমমানের পরীক্ষার সনদ-এর সত্যায়িত কপি।
(৫) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/দাখিল অথবা সমমানের পরীক্ষার ট্রান্সক্রিপ্ট/গ্রেডশীট-এর সত্যায়িত কপি।
(৬) উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট/আলিম অথবা সমমানের পরীক্ষার ট্রান্সক্রিপ্ট/গ্রেডশীট-এর সত্যায়িত কপি।
(৭) আবেদনকারীর নাম সম্বলিত সত্যায়িত ১ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি যা অনলাইনে আপলোড করা হয়েছিল।
(৮) অভিভাবক ও নিজের স্বাক্ষরিত চূড়ান্তভাবে submit কৃত Option Form-এর প্রিন্টকৃত মূল কপি।

উল্লেখ্য, এই সময়ে প্রদানকৃত ছাত্র/ছাত্রীদের মূল ট্রান্সক্রিপ্ট/গ্রেডশীট ও সনদ ভর্তি কমিটিসমূহের সভাপতি-এর অফিসে জমা রাখা হবে। জমা গ্রহণের পর ভর্তি/ভর্তির যোগ্যতা বাতিল ব্যতিরেকে এই সব কাগজপত্র সাময়িকভাবে ফেরৎ কিংবা ফটোকপি প্রদান করা হবে না।

(খ) সংরক্ষিত আসনের জন্য প্রাথমিকভাবে নির্বাচিত তালিকাভুক্ত ক্ষুদ্র জাতি গোষ্ঠী প্রার্থীদেরকে তাদের ক্ষুদ্র জাতি গোষ্ঠীত্বের প্রমাণস্বরূপ নিম্নোক্ত দলিলাদি জমা দিতে হবে :

(১) স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত সনদ।
(২) ক্ষুদ্র জাতি গোষ্ঠী গোত্রের মোড়ল/হেডম্যান/গোত্র প্রধান কর্তৃক প্রদত্ত সনদ যা স্থানীয় থানা নির্বাহী অফিসার/জেলা প্রশাসক কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে।

(গ) অপেক্ষমান তালিকাভুক্ত প্রার্থীদের নোটিশে উল্লেখিত প্রথম উপস্থিতির তারিখ ও সময়ে পুরকৌশল ভবনের ২য় তলায় সেমিনার রুমে শুধুমাত্র উপস্থিতি নিশ্চিতকরণের জন্য উপস্থিত হতে হবে।

(ঘ) **স্বাস্থ্য পরীক্ষা ঃ**

ভর্তির জন্য প্রাথমিকভাবে নির্বাচিত তালিকাভুক্ত প্রার্থীদের উল্লিখিত দলিলাদি জমা প্রদানের পর বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের মেডিক্যাল সেন্টারে ভর্তির জন্য যোগ্য প্রার্থীদের স্বাস্থ্য পরীক্ষা করা হবে। স্বাস্থ্য পরীক্ষায় যদি কারও হৃদরোগ, দৃষ্টি কিংবা শ্রবণ শক্তির ত্রুটি, অন্যান্য সংক্রামক রোগ অথবা কোন প্রকারের শারীরিক বা মানসিক অক্ষমতা ধরা পড়ে, যার ফলে প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে এবং পেশায় সাধারণ কার্যনির্বাহে প্রার্থীর পক্ষে অসুবিধা হতে পারে বলে বিশ্ববিদ্যালয়ের প্রধান চিকিৎসক মনে করেন তাহলে তাকে ভর্তির অনুপযুক্ত বলে ধরা হবে। তবে দৃষ্টি শক্তির ত্রুটি সাত দিনের মধ্যে পুনঃপরীক্ষা করা যেতে পারে। অন্যান্য অস্থায়ী অনুপযুক্ততা যথাঃ- হাইড্রোসিল, হার্নিয়া ইত্যাদি এক মাসের মধ্যে পুনঃপরীক্ষার জন্য বিবেচিত হতে পারে। এই ধরণের অসুস্থতা পুনঃপরীক্ষার প্রয়োজন হলে প্রার্থীর নিজস্ব খরচে বাইরের কোন ডাক্তারের মতামতের জন্য বিশ্ববিদ্যালয়ের প্রধান চিকিৎসক সুপারিশ করতে পারেন। তবে এই সুপারিশ ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ভর্তি কমিটিসমূহের সভাপতি কর্তৃক অনুমোদিত হতে হবে।

উল্লেখ্য যে, স্বাস্থ্য পরীক্ষার ফি বাবদ টা: ৫০০/- (পাঁচশত টাকা) মাত্র নগদ প্রদান করতে হবে।

২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ভর্তি কমিটিসমূহের সভাপতির পূর্ব অনুমতি না নিয়ে প্রথম উপস্থিতির দিন নির্ধারিত সময়ে অনুপস্থিত প্রার্থীর ভর্তির যোগ্যতা বাতিল বলে গণ্য হবে

Step 3: স্বাস্থ্য পরীক্ষার ফলাফল এবং বিশ্ববিদ্যালয়ে ভর্তি ঃ

(ক) স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের নোটিশে উল্লেখিত দ্বিতীয় উপস্থিতির তারিখ ও সময়ে পুরকৌশল ভবনের ২য় তলায় সেমিনার রুমে বিশ্ববিদ্যালয়ে ভর্তির নিমিত্তে প্রয়োজনীয় কাগজ সংগ্রহের জন্য উপস্থিত হতে হবে।

গ) বিনা অনুমতিতে নির্ধারিত তারিখের মধ্যে ভর্তি না হলে ভর্তির যোগ্যতা বাতিল বলে গণ্য হবে।

ঘ) প্রকৌশল অনুষদ সমূহের বিভাগসমূহ ও নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগে ভর্তির জন্য টা: ৭,১৫০/- এবং স্থাপত্য বিভাগে ভর্তির জন্য টা: ৭,২০০/- ফি নির্ধারিত ফরমে সোনালী ব্যাংক, বুয়েট শাখায় বিশ্ববিদ্যালয় তহবিলে জমা দিতে হবে। **টাকা জমা দেয়ার পর ব্যাংক এর প্রাপ্তি ফরমের অংশ ফটোকপি করে টাকা জমা দেয়ার তারিখে রেজিস্ট্রার অফিসের ভর্তি শাখায় জমা দিতে হবে।**

বিশেষ দ্রষ্টব্য ঃ

(১) ভর্তির পর কোন ছাত্র/ছাত্রী নির্ধারিত সময়ের মধ্যে কোর্স রেজিস্ট্রেশন সম্পন্ন না করলে এবং/অথবা বিনা অনুমতিতে ক্লাশ শুরুর ২ (দুই) সপ্তাহের মধ্যে ক্লাশে উপস্থিত না হলে তার ভর্তি বাতিল করা হবে।

(২) আবাসিক/অনাবাসিক ছাত্র-ছাত্রীদের হলে ভর্তির জন্য প্রদেয় ফি এর পরিমাণ এবং হলে ভর্তির সময়সূচী ছাত্রকল্যাণ পরিচালকের দপ্তর (বিশ্ববিদ্যালয় খেলার মাঠের দক্ষিণ-পশ্চিম প্রান্তে) থেকে নিজ দায়িত্বে যথাসময়ে জেনে নিতে হবে।

অধ্যাপক ড. ফরিদা নিলুফার
সভাপতি, ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের ভর্তি কমিটি সমূহ
ও
ডীন, স্থাপত্য ও পরিকল্পনা অনুষদ
বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

২০১৮ - ২০১৯ শিক্ষাবর্ষে স্নাতক শ্রেণীতে ছাত্র/ছাত্রী ভর্তি কমিটিসমূহের সভাপতির কার্যালয়
স্থাপত্য ও পরিকল্পনা অনুষদ

নং-ডীন, স্থাপত্য অনুষদ/ভর্তি-২০১৮-১৯/০৩ তারিখঃ ১৮/১০/২০১৮

স্থাপত্য, প্রকৌশল বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগে ভর্তির জন্য প্রাথমিকভাবে নির্বাচিত ও অপেক্ষমান তালিকাভুক্ত প্রার্থীদের দলিলাদি যাচাই/উপস্থিতি নিশ্চিতকরণ, স্বাস্থ্য পরীক্ষা এবং ভর্তির সময়সূচি

স্থাপত্য বিভাগে ভর্তির জন্য প্রাথমিকভাবে নির্বাচিত তালিকাভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য			
ভর্তি পরীক্ষায় প্রার্থীর মেধামান	**প্রথম উপস্থিতি** (দলিলাদি মূল্যায়ন ও স্বাস্থ্য পরীক্ষা) **সকাল ৯:৩০**	**দ্বিতীয় উপস্থিতি** (ভর্তির কাগজ সংগ্রহ) **বিকাল ২:০০-৫:০০**	**ভর্তির সর্বশেষ তারিখ**
০১ - ৫৪ এবং ক্ষুদ্র জাতি গোষ্ঠী প্রার্থী ২৮৬	০১/১২/২০১৮ শনিবার	০৩/১২/২০১৮ সোমবার	১৭/১২/২০১৮ সোমবার

প্রকৌশল বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগে ভর্তির জন্য প্রাথমিকভাবে নির্বাচিত তালিকাভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য			
ভর্তি পরীক্ষায় প্রার্থীর মেধামান	**প্রথম উপস্থিতি** (দলিলাদি মূল্যায়ন ও স্বাস্থ্য পরীক্ষা) **সকাল ৯:৩০**	**দ্বিতীয় উপস্থিতি** (ভর্তির কাগজ সংগ্রহ) **সকাল ১১:৩০-১:০০**	**ভর্তির সর্বশেষ তারিখ**
০০১ - ০৭০	০১/১২/২০১৮, শনিবার	০৩/১২/২০১৮, সোমবার	১৭/১২/২০১৮ সোমবার
০৭১ - ১৯৫	০২/১২/২০১৮, রবিবার	০৪/১২/২০১৮, মঙ্গলবার	
০১৯৬ - ৩২০	০৩/১২/২০১৮, সোমবার	০৫/১২/২০১৮, বুধবার	
৩২১ - ৪৪৫	০৪/১২/২০১৮, মঙ্গলবার	০৬/১২/২০১৮, বৃহস্পতিবার	
৪৪৬ - ৫৭০	০৫/১২/২০১৮, বুধবার	০৮/১২/২০১৮, শনিবার	
৫৭১ - ৬৯৫	০৬/১২/২০১৮, বৃহস্পতিবার	০৯/১২/২০১৮,রবিবার	
৬৯৬ - ৮৩০	০৮/১২/২০১৮, শনিবার	১০/১২/২০১৮, সোমবার	
৮৩১ - ১০০৩ এবং ক্ষুদ্র জাতি গোষ্ঠী প্রার্থী (১২১৫, ১২৮২)	০৯/১২/২০১৮, রবিবার	১১/১২/২০১৮, মঙ্গলবার	

স্থাপত্য বিভাগে ভর্তির জন্য অপেক্ষমান তালিকাভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য	
৫৫-১৪৯	প্রয়োজন অনুযায়ী সময়সূচী পরে জানানো হবে (বিশ্ববিদ্যালয়ের Website এ সংক্রান্ত নোটিশ প্রকাশ করা হবে।

প্রকৌশল বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগে ভর্তির জন্য অপেক্ষমান তালিকাভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য	
১০০৪ - ১৪৯৭ এবং ক্ষুদ্র জাতি গোষ্ঠী প্রার্থী (১৭৭৯, ২৫৬৯, ২৬২৮)	প্রয়োজন অনুযায়ী সময়সূচী পরে জানানো হবে (বিশ্ববিদ্যালয়ের Website এ সংক্রান্ত নোটিশ প্রকাশ করা হবে।

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

২০১৮ - ২০১৯ শিক্ষাবর্ষে স্নাতক শ্রেণীতে ছাত্র/ছাত্রী ভর্তি কমিটিসমূহের সভাপতির কার্যালয়
স্থাপত্য ও পরিকল্পনা অনুষদ

বিশেষ দ্রষ্টব্য ঃ

(১) বিশেষ প্রয়োজনে কর্তৃপক্ষ সাক্ষাতের উপরোল্লিখিত সময়সূচি পরিবর্তন করতে পারেন।

(২) ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ভর্তি কমিটি সমূহের সভাপতির পূর্ব অনুমতি না নিয়ে প্রথম উপস্থিতির দিন নির্ধারিত সময়ে অনুপস্থিত প্রার্থীর ভর্তির যোগ্যতা বাতিল বলে গণ্য হবে।

(৩) স্বাস্থ্য পরীক্ষার ফি বাবদ টাঃ ৫০০/- (পাঁচশত টাকা) মাত্র নগদ প্রদান করতে হবে।

অধ্যাপক ড. ফরিদা নিলুফার
সভাপতি, ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের ভর্তি কমিটি সমূহ
ও
ডীন, স্থাপত্য ও পরিকল্পনা অনুষদ
বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।